**সোনালী ব্যাংক পিএলসি**
**শিল্পভবন কর্পোরেট শাখা, ঢাকা।**

**বিষয়ঃ অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ৩৩(৫) ধারার বিধান মোতাবেক বিজ্ঞ যুগ্ম জেলা জজ ও অর্থঋণ আদালত -১, গাজীপুর কর্তৃক ব্যাংকের অনুকূলে প্রদত্ত সনদে উল্লিখিত বন্ধকীকৃত সম্পত্তি বিক্রয়ের লক্ষ্যে:**

# নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সোনালী ব্যাংক পিএলসি, শিল্পভবন কর্পোরেট শাখা, ঢাকার খেলাপী ঋণ গ্রহীতা মেসার্স সোনালী পোল্ট্রি ফার্ম, যাহার স্বত্বাধীকারী মোঃ সহিদুল্লাহ, সাং- আউটপাড়া, চান্দনা চৌরাস্তা, জয়দেবপুর, থানা- গাজীপুর সদর, জেলা- গাজীপুর-১৭০২, ২। মোঃ সহিদুল্লাহ, পিতা- সোনা উল্যা, সাং- ইটাহাটা, থানা- গাজীপুর সদর, জেলা- গাজীপুর, প্রযত্নে- মেসার্স শম্পা প্রিন্টিং এন্ড প্যাকেজিং, ২৬২, ফকিরাপুল, আল আমিন কমপ্লেক্স, মতিঝিল, ঢাকা-১০০০।

এর নিকট আদালতের ডিক্রীমতে গত ২২/০২/২০১৬ ইং তারিখ পর্যন্ত ২,৬০,৬৪১/- টাকা ও আদায়কালতক পর্যন্ত সুদ এবং মামলা ও অন্যান্য খরচ আদায়ের নিমিত্তে বিজ্ঞ যুগ্ম জেলা জজ, অর্থঋণ আদালত -১, গাজীপুর কর্তৃক ৩৩(৫) ধারার বিধান মোতাবেক ডিক্রীদার সোনালী ব্যাংক পিএলসি, শিল্প ভবন কর্পোরেট শাখা, ঢাকার অনুকূলে দখল ও ভোগের অধিকার সংক্রান্ত সার্টিফিকেট প্রাপ্ত নিম্নোক্ত তফসিলভুক্ত স্থাবর সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য নিম্নে বর্ণিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে ঃ

## শর্তাদিসমূহ:

০১। তফসিল বর্নিত সম্পত্তি নিলামে বিক্রির নিমিত্তে আগ্রহী নিলাম ক্রেতাদেরকে এই বিজ্ঞপ্তি সহ তাদের প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা এবং প্রদত্ত দর অংকে ও কথায় নিজ স্বাক্ষরকৃত ও সীলমোহর যুক্ত টেন্ডার আহবান করা যাচ্ছে। আগামী ০৮/০৫/২০২৫ ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত নিলাম সোনালী ব্যাংক পিএলসি, শিল্পভবন কর্পোরেট শাখা, ঢাকায় রক্ষিত বাক্সে দরপত্র জমা দিতে হবে এবং ঐদিনই বিকাল ৩.০০ ঘটিকায় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে।

০২। প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত হলে তার ২০% ,উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকার উর্দ্ধে কিন্তু ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত হলে ১৫% এবং উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার বেশী হলে ১০% এর সমপরিমান অর্থ জামানত হিসাবে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার সোনালী ব্যাংক পিএলসি, শিল্পভবন কর্পোরেট শাখা, ঢাকার অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

০৩। নিলামে অংশগ্রহণকারী ক্রেতা /দরদাতা কর্তৃক উদ্ধৃত দরমূল্যের উপর ৫% হারে উৎস কর দরমূল্যের অতিরিক্ত হিসাবে প্রদান করতে হবে।

০৪। অনূর্দ্ধ ১০.০০ লক্ষ টাকার দর গৃহীত হবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে, ১০.০০ লক্ষ টাকার উর্দ্ধে কিন্তু ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে এবং ৫০.০০ লক্ষ টাকার বেশী উদ্ধৃত দর গৃহীত হবার ৯০ দিবসের মধ্যে সর্বোচ্চ দরদাতাকে দরপত্রের সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় আইনুযায়ী ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করতে পারবেন।

০৫। উক্ত ৪নং শর্তের অধীনে জামানত বাজেয়াপ্ত হলে উহার অর্থ ঋণ হিসাবে জমা হবে।

০৬। দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা অপ্রতুল প্রতীয়মান হলে কর্তৃপক্ষ তা বাতিল করতে পারবেন।

০৭। সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও ক্রয়কৃত সম্পত্তির টেক্সসহ অন্যান্য যাবতীয় খরচ ক্রেতাকে বহন করতে হবে।

০৮। অফিস চলাকালীন সময় সম্পত্তি পরিদর্শনের /তথ্য কেউ ইচ্ছা করলে নিম্ন স্বাক্ষরকারীর নিকট উপস্থিত হয়ে দেখতে/ জানতে পারবেন।

০৯। কোন প্রকার কারন দশানো ছাড়াই কোন দরপত্র গ্রহণ কিংবা বর্জনের ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১০। নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।

১১। তফসিল সম্পত্তির উপর কোন সরকারি,আধা সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লী বিদুৎ, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রিদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করতে হবে।

## বন্ধকীকৃত সম্পত্তির তফসিল

জেলা- গাজীপুর, থানা ও সাব রেজিস্ট্রি অফিস- গাজীপুর সদর অধীন, মৌজা- ইটাহাটা, খতিয়ান নংঃ সিএস-২৯৭, এসএ-৪৩৯, আরএস-১১৪৮, দাগ নংঃ সিএস ও এসএ-১৫৬০ (এক হাজার পাঁচশত ষাট), আরএস-১৭৫৩ (এক হাজার সাতশত তিপান্ন), মোট জমির পরিমান-১৬ (ষোল) শতাশ।

(শাহ্ মোঃ শামীম কাদের)
ডেপুটি জেনারেল ম্যানেজার

মোবাইল - ০১৭২১- ০৪৬৩৫